২০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JUL 1998 ...
পৃষ্ঠা ২ কলাম ২

# তেজগাঁও কলেজের অধ্যক্ষকে পুনর্বহালের দাবী

নয়জন সংসদ সদস্য গতকাল এক যুক্ত বিবৃতিতে রাজধানীর তেজগাঁও কলেজের অধ্যক্ষ তোফায়েল আহমেদ চৌধুরীকে অপসারণের প্রতিবাদ করিয়াছেন। বিবৃতিতে তাঁহারা বলেন, তেজগাঁও রমনার সংসদ সদস্য ও তেজগাঁও কলেজের পরিচালনা কমিটির সভাপতি ডাঃ এইচ বি ইকবালের উদ্যোগে বনানীতে অনুষ্ঠিত সভার মাধ্যমে চাকুরীর মেয়াদ শেষ হওয়ার আগেই তোফায়েল আহমেদ চৌধুরীকে অপসারণ করা হয়। সংসদ সদস্যগণ তেজগাঁও কলেজের উন্নয়নে অধ্যক্ষ চৌধুরীর অবদানের উল্লেখ করিয়া এবং তাহার চাকুরীর মেয়াদ বিবেচনায় রাখিয়া তোফায়েল আহমেদ চৌধুরীকে অধ্যক্ষের পদে পুনর্বহালের দাবী জানান। বিবৃতিদাতা সংসদ সদস্যগণ হইতেছেন ঃ এডভোকেট মাহবুবুর রহমান, মোহাম্মদ শাহজাহান, বরকত উল্লাহ ভুলু, মোহাম্মদ মোশারফ হোসেন, জিয়াউল হক জিয়া, ফজলুল আজিম, ডাঃ সালাহউদ্দিন বাবু, ডাঃ মোহাম্মদ আলী ও জয়নাল আবেদীন ফারুক।

জাতীয় সংসদে বিরোধীদলীয় হুইপ আমানউল্লাহ আমান এমপি এক বিবৃতিতে তোফায়েল চৌধুরীর অপসারণের প্রতিবাদ করিয়া অবিলম্বে তাঁহাকে পুনর্বহালের দাবী জানাইয়াছেন।

গতকাল মহানগর বিএনপি তেজগাঁও থানা শাখার সভায় অধ্যক্ষ চৌধুরীকে পুনর্বহালের দাবী জানান হয়। তেজগাঁও বিএনপি'র উদ্যোগে আজ (বুধবার) প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হইবে।—প্রেস বিজ্ঞপ্তি